

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭৫৮

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - নবীকুল শিরোমণি -এর মর্যাদাসমূহ

اَلْفَصْلُ التَّنِفْ (بَابُ فَصْنَائِلِ سَيِّدِ الْمُرْسَلِينَ)

আরবী

وَعَن أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالُوا: يَا رَسُولَ اللَّهِ مَتَى وَجَبَتْ لَكَ النُّبُوَّةُ؟ قَالَ: «وَآدَمُ بَيْنَ الرُّوحِ وَالْجَسَدِ» . رَوَاهُ التِّرْمِذِيّ

صحيح ، رواه الترمذى (3609 وقال: حسن صحيح غريب) [و الفريابي في كتاب القدر (14)] * يعنى انه صلى الله عليه و آله وسلم كان نبيًا في التقدير قبل خلق آدم عليه السلام فالحديث متعلق بالتقدير ، لا بخلق رسول الله صلى الله عليه و آله وسلم فافهمه فانه مهم و الحديث الآتي يؤيد هذا التفسير ـ

(صَحِيح)

বাংলা

৫৭৫৮-[২০] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন সাহাবীগণ জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রাসূল! আপনার জন্য নুবুওয়্যাত কখন হতে নির্ধারণ করা হয়েছে? তিনি (সা.) বললেন, সে সময় হতে, যখন আদম আলায়হিস সালাম আত্মা ও দেহের মধ্যবর্তী অবস্থায় ছিলেন। (তিরমিযী)

ফুটনোট

সহীহ: তিরমিয়ী ৩৬০৯, সিলসিলাতুস সহীহাহ্ ১৮৫৬, আল মুসতাদরাক লিল হাকিম ৪২১০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১২৪০৭, মুসনাদে আহমাদ ১৬৬৭৪, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩৬৫৫৩।

ব্যাখ্যা



ব্যাখ্যা: وَآذَمُ بَيْنُ الرُّوحِ وَالْجَسَدِ "যখন আদম আত্মা ও শরীরের মাঝে।" অর্থাৎ আদমের শরীরে আত্মা ফুৎকারের আগেই আমার নুবুওয়়াত নির্ধারিত হয়ে গেছে। যখন মাটি দিয়ে আদমের আকৃতি সৃষ্টি করে রাখা হয়েছিল, আকৃতি বানানাের পর আত্মা দেয়ার আগেই আমার নুবুওয়়াত নির্ধারিত হয়ে গেছে। ইবনু আবাস (রাঃ) থেকে বর্ণিত ত্বারানী'র বর্ণনার শন্দ (وَالْجَسَدِ) এর্থাৎ "আদম শরীর ও আত্মার মাঝে থাকতেই আমি নবী ছিলাম।" আবু হুরায়রাহ্ (রাঃ) থেকে হাকীমে বর্ণিত আরেকটি বর্ণনায় রয়েছে- كنت أول (كنت أول سالم সৃষ্টি হিসেবে প্রথম নবী, কিন্তু প্রেরণ হিসেবে শেষ নবী" কিন্তু মানুষের মুখে প্রচলিত বাক্য (النبيين في الخلق وأخر هم في البعث) "আদম পানি মাটির মধ্যে থাকতেই আমি নবী ছিলাম।" এ হাদীস সম্পর্কে সাখাবী বলেন, এই বাক্য সম্পর্কে আমি অবগত নই। যারকাশী বলেন, এই শন্দে হাদীসটির কোন ভিত্তি নেই। (তুহফাতুল আহওয়ায়ী হা. ১০/৫৬, মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন